



068

**প্রাথমিক শিক্ষকদের একাবদ্ধ
সংগ্রামে সকল যড়যন্ত্র নস্যাৎ হবে**
—অধ্যাপক আযাদ

দরিদ্র প্রাথমিক শিক্ষকদের ভাগ্যকে নিয়ে যারাই যড়যন্ত্র করুক না কেন, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃত্বে তাদের সে চেষ্টা ব্যর্থ করা হবে। যারা দীর্ঘদিন যাবত প্রাথমিক শিক্ষকদের ভাগ্যকে বিভিন্ন সরকার, রাজনৈতিক ২-এর পুঃ ৪-এর কঃ দেখুন

অধ্যাপক আযাদ

প্রথম পৃষ্ঠার পর.

দলের নিকট ফেরি করে বেড়িয়েছে, আজ তাদের জবাবদিহির সময় এসেছে। গতকাল পাকশী সমাবেশস্থলে সমবেত স্থানীয় কর্মীদের উদ্দেশ্যে ভাষণদানকালে অধ্যাপক আবুল কালাম আযাদ উপরোক্ত মন্তব্য করেন।

তিনি বলেন, পাকশীর সমাবেশ বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির জন্য একটি অগ্নি পরীক্ষা। কারণ, এবারই সর্বপ্রথম প্রমাণ হবে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির আহবানে দেশের যে কোন স্থানে যে কোন কর্মসূচীতে এ দেশের সকল প্রাথমিক শিক্ষক সক্রিয়ভাবে অংশগ্রহণ করবে।

অধ্যাপক আযাদ বলেন, পাকশীর মত নির্জন স্থানে আহূত সমাবেশকে সফল করার জন্য যেভাবে শত শত স্থানীয় শিক্ষক সক্রিয় কর্মীতে পরিণত হয়েছে তাতেই প্রমাণ হয় যে, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির আবেদন প্রাথমিক শিক্ষকদের হৃদয়ের কত গভীরে পৌঁছেছে, এর সাংগঠনিক শক্তি কত সুদৃঢ় হয়েছে।

তিনি বলেন, কুচক্রী মহল আজ তাদের আসলরূপে আত্মপ্রকাশ করছে। তাদের সভায় বিশেষ ধরনের ব্যক্তিবর্গের উপস্থিতিতেই প্রমাণ করে তারা কাদের হয়ে কাজ করছে। যারা প্রাথমিক শিক্ষকদের নিজেদের আর্থিক ও রাজনৈতিক স্বার্থে অবৈধভাবে ব্যবহার করতে চায়, তারা কখনো সফল হবে না।

অধ্যাপক আযাদ বলেন, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সকল কর্ম